

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা কৃষি অফিসারের কার্যালয়
মেহেরপুর সদর, মেহেরপুর।



স্মারক নং: ২২.০২.০০০০.২৭.৮৭.১৪.২২-৬৯৬

তারিখ: ০২/০৭/২০২১ খ্রিঃ

সভার বিজ্ঞপ্তি

আগামী ০৯/০৯/২০২১ খ্রিঃ তারিখ রোজ বৃহঃপতিবারবার বেলা ৩.০০ ঘটিকার সময় জনাব মো: মমিনুল ইসলাম, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মেহেরপুর সদর মহোদয়ের অফিস কক্ষে তাঁর সভাপতিত্বে "কৃষি ও সেচ" সংক্রান্ত স্থায়ী কমিটির এক সভা অনুষ্ঠিত হবে।
উক্ত সভায় যথাসময়ে উপস্থিত থাকার জন্য আপনাকে বিশেষভাবে অনুরোধ করা হলো।

আলোচ্য বিষয়:

- ১) কৃষি বিষয়ক বিভিন্ন কর্মকান্ড নিয়ে আলোচনা।
- ২) বিবিধ

প্রাপক:

০২/০৭/২১

(নাসরিন পারভীন)

উপজেলা কৃষি অফিসার
মেহেরপুর সদর, মেহেরপুর।

সদয় জাগ্রার্থে/কার্যার্থে:-

- ১) চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মেহেরপুর সদর, মেহেরপুর।
- ২) উপজেলা নির্বাহী অফিসার, মেহেরপুর সদর, মেহেরপুর।
- ৩) অফিস কপি।

সেপ্টেম্বর/২১ ইং মাসের কৃষি ও সেচ সংক্রান্ত স্থায়ী কমিটির সভার কার্যবিবরণীঃ

সভাপতি: জনাব মো: মমিনুল ইসলাম

ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মেহেরপুর সদর

স্থানঃ ভাইস চেয়ারম্যান মহোদয়ের অফিস কক্ষ।

তারিখঃ ০৯/০৯/২০২১ ইং।

সময়ঃ বেলা ৩.০০ ঘটিকা।

উপস্থিত সদস্যবৃন্দের তালিকা :

ক্র: নং	নাম	পদবী	স্বাক্ষর
০১.	মো: রবিউল ইসলাম	সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা	স্বাক্ষরিত
০২.	মো: মায়হাবুল ইসলাম	সহকারী প্রকৌশলী (ক্ষুদ্রসেচ), বিএডিসি, মেহেরপুর ইউনিট	স্বাক্ষরিত
০৩.	দীপক কুমার সাহা	কৃষি সম্প্রসারণ অফিসার	স্বাক্ষরিত
০৪.	নাসরিন পারভীন	উপজেলা কৃষি অফিসার ও সদস্য সচিব	স্বাক্ষরিত
০৫.	আব্দুস সামাদ বাবলু বিশ্বাস	চেয়ারম্যান, পিরোজপুর ইউনিয়ন পরিষদ	স্বাক্ষরিত

ভাইস চেয়ারম্যান ও সভাপতি, কৃষি ও সেচ সংক্রান্ত স্থায়ী কমিটি, মেহেরপুর সদর মহোদয়ের উপস্থিতিতে সভার কাজ শুরু হয়। শুরুতেই গত সভার সিদ্ধান্ত নিয়ে আলোচনা হয় এবং কোন সংশোধন না থাকায় দৃঢ়করণ করা হয়। সভাপতি মহোদয় উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানান এবং তাঁর অনুমতিক্রমে সদস্য সচিব ও উপজেলা কৃষি অফিসার, মেহেরপুর সদর এজেন্ডাভিত্তিক আলোচনা করেন।

সিনিয়র উপজেলা মৎস্য অফিসার সভায় উপস্থাপন করেন যে, মেহেরপুর শহরের পাশ দিয়ে বয়ে গেছে ভৈরব নদ। এই নদীতে বর্তমানে কচুরিপানায় উর্ধ্ব, এই রকম থাকলে অক্সিজেন যত্নতায় পানির পরিবেশ নষ্ট হয়ে মাছের উৎপাদন ব্যাহত হবে। এজন্য কচুরিপানা দিয়ে ভাসমান সবজি চাষ করা যেতে পারে। ভাসমান বেড এবং পরবর্তীতে উৎকৃষ্ট মানের জৈব সার হিসেবে ব্যবহার করা যায়। ভাসমান সবজি চাষের জন্য প্রথমে বাঁশ দিয়ে মইয়ের আকারে বেড তৈরি করতে হবে। প্রথমে কচুরিপানা বসানোর পর ৩-৪ দিন পরপর পর্যায়ক্রমে কচুরিপানা বসাতে হবে। কচুরিপানার উপর নিচ সব অংশ কয়েক দিনের মধ্যে পচে সার তৈরি হয়ে যাবে। এর উপর শাকসবজির আবাদ করা যাবে। পানির উচ্চতা বাড়ার সাথে সাথে সবজির এই বেড গুলো পানির উপরে ভাসতে থাকে। পানি কমে গেলে নিচে নামতে থাকে। এ কারণে এর নামকরণ করা হয় ভাসমান সবজি চাষ। একবারে পানি শুকিয়ে গেলে বেডগুলো মাটির সাথে লেগে যায়। আর তখন এগুলো জৈব সার হিসেবে জমিতে ব্যবহার করা যায়। বেডের মাপ দৈর্ঘ্য ৬০ মিটার এবং প্রস্থ ০৩ মিটার আকারের হয়ে থাকে। এককটি বেডে এককটি সবজি (লালশাক, কলমি শাক, পুইশাক, ডাটা শাক, মুলা শাক প্রভৃতি) চাষ করা যেতে পারে। ভাসমান বেডে সবজি চাষ করে পারিবারিক চাহিদা মিটিয়ে বাড়তি অর্জ করা যায়।

সিদ্ধান্ত: সভায় বিস্তারিত আলোচনাতে উপস্থিত সকল সদস্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গ্রহণ করেন যে, নিম্নে বর্ণিত প্রকল্পসমূহ অত্র উপজেলার চাষীদের মাঝে এডিপির উন্নয়ন ত্বরিত হতে প্রয়োজনীয় অর্থ বরাদ্দ সাপেক্ষে বাস্তবায়ন করা যেতে পারে।

প্রকল্পসমূহঃ

- ১। ভৈরব নদে কচুরিপানা দিয়ে ভাসমান বেডে সবজি ও মানসম্মত চারা উৎপাদন প্রকল্প।
- ২। কচুরিপানা দিয়ে জৈব সার উৎপাদন প্রকল্প।
- ৩। চাহিদা ভিত্তিক কৃষক প্রশিক্ষণের মাধ্যমে ভাসমান বেডে সবজি উৎপাদন বৃদ্ধি প্রকল্প।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মো: মমিনুল ইসলাম)


ভাইস চেয়ারম্যান

ও

সভাপতি

কৃষি ও সেচ সংক্রান্ত স্থায়ী কমিটি
মেহেরপুর সদর উপজেলা পরিষদ।


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা কৃষি অফিসারের কার্যালয়
মেহেরপুর সদর, মেহেরপুর



স্মারক নং-১২.০২.০০০০.৫৭.৮৭ ১৪/২১-১১৬

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো।

- ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মেহেরপুর সদর, মেহেরপুর।
- ২। উপজেলা নির্বাহী অফিসার, মেহেরপুর সদর, মেহেরপুর সদর, মেহেরপুর।
- ৩। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, মেহেরপুর সদর উপজেলা পরিষদ, মেহেরপুর।
- ৪। সিনিয়র উপজেলা মৎস্য অফিসার, মেহেরপুর সদর, মেহেরপুর।
- ৫। চেয়ারম্যান, পিরোজপুর ইউনিয়ন পরিষদ, মেহেরপুর সদর, মেহেরপুর।
- ৬। উপ-সহকারী প্রকৌশলী, বিএডিসি (ক্ষুদ্র সেচ), মেহেরপুর ইউনিট, মেহেরপুর সদর, মেহেরপুর।
- ৭। অফিস কপি, অত্র দপ্তর।


১২/০২/২১
(নাসরিন পারভীন)

উপজেলা কৃষি অফিসার

ও

সদস্য সচিব

কৃষি ও সেচ সংক্রান্ত স্থায়ী কমিটি

মেহেরপুর সদর, মেহেরপুর।